# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪৪

১/ বিবিধ

আরবী

كل [باسم الله] ، ثقة بالله، وتوكلا عليه
ضعيف

رواه أبو داود (3925) والترمذي (1/335) وابن ماجه (3542) وابن السني في " عمل اليوم والليلة " (457) وأبو العباس الأصم في " جزء من حديثه " (ق 192/2) والحاكم (4/136 ـ 137) والعقيلي في " الضعفاء " (428) وابن عدي في " الكامل " (396/2) وأبو عبد الله الدقاق في " معجم مشايخه " (ق 4/1) والضياء المقدسي في " المنتقى من مسموعاته بمرو" (ق 49/1) من طريق المفضل بن فضالة عن حبيب بن الشهيد عن محمد بن المنكدر عن جابر
أن النبي صلى الله عليه وسلم أخذ بيد مجذوم، فأدخلها معه في القصعة فقال فذكره. وقال الترمذي
" هذا حديث غريب، لا نعرفه إلا من حديث المفضل بن فضالة، وهو شيخ بصري، والمفضل بن فضالة شيخ آخر مصري أوثق من هذا وأشهر، وروى شعبة هذا الحديث عن حبيب بن الشهيد عن ابن بريدة: أن ابن عمر أخذ بيد مجذوم، وحديث شعبة أثبت عندي وأصح
قلت: وحديث شعبة وصله العقيلي من طريق سعيد بن منصور قال: حدثنا عبد الرحمن ابن زياد قال: حدثنا شعبة عن حبيب بن الشهيد قال: سمعت عبد الله بن بريدة يقول

" كان سلمان يعمل بيديه، ثم يشتري طعاما، ثم يبعث إلى المجذومين فيأكلون معه
قلت: فجعل سلمان مكان ابن عمر، ولعله الصواب، فإن إسناده صحيح، وعبد الرحمن بن زياد هذا هو الرصاصي، قال أبو حاتم
صدوق ". وقال أبو زرعة: " لا بأس به
وقال العقيلي عقب روايته
" هذا أصل الحديث، وهذه الزيادة أولى به، والمفضل ليس بمشهور بالنقل، قال يحيى: ليس هو بذاك "
وقال ابن عدي
" ولم أر في حديثه أنكر من هذا الحديث، وباقي حديثه مستقيم "
وقال الذهبي في " الضعفاء "
" مقارب الحديث، لا يحتج به. قاله الترمذي ". وقال الحافظ في " التقريب "
" ضعيف "
قلت: فقول الحاكم: " حديث صحيح الإسناد " ووافقه الذهبي مما لا يخفى بعده عن الصواب، ونحوه قول المناوي في " التيسير ": " إسناده حسن " مغترا بما نقله في " الفيض " عن ابن حجر أنه قال: حديث حسن
قلت: وقد وجدت له متابعا، يرويه عبيد الله بن تمام عن إسماعيل المكي عن محمد ابن المنكدر به
أخرجه ابن عدي (8/2 و237/1) وقال في الموضع الأول
" إسماعيل هذا أحاديثه غير محفوظة، إلا أنه ممن يكتب حديثه "
وقال في الموضع الآخر
" وهذا قد روي من غير هذا الطريق عن محمد بن المنكدر، وعبيد الله في بعض ما يرويه مناكير "
وقال الذهبي في الضعفاء
" ضعفوه "

وأورده ابن الجوزي في " الأحاديث الواهية " (2/386) من الوجهين عن محمد بن المنكدر

বাংলা

১১৪৪। বিসমিল্লাহ্ বলে ভক্ষণ কর আল্লাহর প্রতি নির্ভর করে এবং তার প্রতি ভরসা রেখে।

হাদিসটি দুর্বল।

হাদীসটি আবু দাউদ (৩৯২৫), তিরমিযী (১৮১৭), ইবনু মাজাহ (৩৫৪২) ও ইবনুস সুন্নী "আমলুল ইওয়াওমি অল-লাইলাহ" (৪৫৭) প্রমুখ মুহাদ্দিসগণ মুফাযযাল ইবনু ফাযালা সূত্রে হাবীব ইবনুশ শাহীদ হতে, তিনি মুহাম্মাদ ইবনুল মুনকাদির হতে, তিনি জাবের (রাঃ) হতে বর্ণনা করেছেন ...।

ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি গারীব।

ওকায়লী বলেনঃ মুফাযযাল ইবনু ফুযালা বর্ণনার ক্ষেত্রে প্রসিদ্ধ নন। ইয়াহইয়া বলেনঃ তিনি সেরূপ নন।

ইবনু আদী বলেনঃ তার থেকে বর্ণিত হাদীসগুলোর মধ্যে এর চেয়ে মুনকার হাদীস আমি দেখিনি ...।

হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তিনি মুকারিবুল হাদীস, তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। ইমাম তিরমিযী এ কথা বলেন।

হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ হাকিম যে বলেছেনঃ হাদীসটির সনদ সহীহ আর হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন, তাদের এ কথা সঠিক হতে বহু দূরে।

অন্য এক সূত্রে মুফাযযালের স্থলে হাদীসটি ওবাইদুল্লাহ ইবনু তাম্মাম ইসমাঈল আল-মাক্কী হতে ... বর্ণনা করেছেন। যেটি ইবনু আদী “আল-কামেল” গ্রন্থে (৮/২, ১/২৩৭) উল্লেখ করেছেন। ইবনু আদী এক স্থানে বলেনঃ এ ইসমাঈল কর্তৃক বর্ণিত হাদীসগুলো নিরাপদ নয়, তবে তার হাদীস লিখা যেতে পারে। অন্যত্র বলেনঃ ওবাইদুল্লাহ ইবনু তাম্মাম তার কোন কোন বর্ণনার ক্ষেত্রে মুনকার হাদীস বর্ণনা করেছেন। হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তাকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনুল জাওযী তার "আল-আহাদীসুল ওয়াহিয়াহ" গ্রন্থে (২/৩৮৬) তাকে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72023

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন